

ফাতওয়া নাম্বার: ৩৩৮

প্রকাশকাল: ২৬-০২-২০২৩ ইং

## বাকি বিক্রিতে নগদ মূল্যের চেয়ে বেশি মূল্য নেওয়ার হুকুম কী?

### প্রশ্ন:

বেশির ভাগ পোলিট্রি ডিলার ব্যবসায়ী থেকে পণ্য কেনার ক্ষেত্রে নগদ টাকায় পণ্য কিনলে অনেক কমে নেওয়া যায়। কিন্তু বাকিতে কিনলে দাম অনেক বেশি রাখে। এই ধরনের ব্যবসার বিধান কী?

নাম- হাসান

### উত্তর:

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

জি, বাকি বিক্রির কারণে পণ্যের মূল্য কিছু বেশি রাখা দুটি শর্তে জায়েয, শর্ত দুটি হচ্ছে:

১. কত দিনের মেয়াদে এবং কত টাকা মূল্যে বিক্রি হচ্ছে, তা বিক্রির মজলিসে চূড়ান্ত হতে হবে। এমন বললে হবে না যে, এক সপ্তাহ পর মূল্য পরিশোধ করলে এত দিতে হবে, আর দুই সপ্তাহ পর মূল্য পরিশোধ করলে এত দিতে হবে। এভাবে ঝুলন্ত রেখে দিলে তা নাজায়েয হবে।

২. ক্রেতা কোনও কারণে নির্ধারিত সময়ে মূল্য পরিশোধে ব্যর্থ হলে, মূল্য বাড়ানো যাবে না। বিক্রির সময় যে মূল্য নির্ধারিত হয়েছে, তা-ই নিতে হবে।-মুয়াত্তা মালেক: ২/৬৭২ হাদীস নং: ৮৩ দারু ইহইয়ায়িত তুরাস, বৈরুত; আল-মুসান্নাফ, ইবনু আবী শাইবা: ১০/৫৯২ আসার নং: ২০৮২৬ দারুল কিবলাহ, জিদ্দাহ; কিতাবুল আসল: ২/৪৫৪ দারু ইবনি হায়ম, বৈরুত; মাবসুত: ১৩/৮, দারুল মারেফা, বৈরুত; বৃহস ফি কাজায়া ফিকহিয়্যা মুয়াসিরা: ১/১২, দারুল কলম, দিমাশক; মাজাল্লাতুল আহকামিল আদলিয়া, ধারা নং: ২৪৫/২৪৬; ইমদাদুল আহকাম: ৫/৩৬৪, যাকারিয়া বুক ডিপো, ভারত

উল্লেখ্য, বাকি বিক্রির ক্ষেত্রে যদিও নগদ বিক্রির তুলনায় অধিক মূল্য নেয়া জায়েয, কিন্তু তা অস্বাভাবিক বেশি হওয়া কাম্য নয়। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

رحم الله رجلا إذا باع، وإذا اشترى، وإذا اقتضى. - صحيح البخاري:  
2076 ط. دار طوق النجاة، بيروت

“যে ব্যক্তি কেনার সময়, বেচার সময় এবং পাওনার তাগাদা দেয়ার সময় উদারতা প্রদর্শন করে, মহান আল্লাহ তাআলা তার উপর রহম করুন।” -সহীহ বুখারী: ২০৭৬

এ বিষয়ে আরও জানতে নিম্নোক্ত ফাতাওয়াটি দেখুন,  
ফাতওয়া: ২৮৭-কিস্তিতে নির্ধারিত মূল্যের অতিরিক্ত দিয়ে পণ্য ক্রয়ের হুকুম কী?

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৮-০৬-১৪৪৪ হি.

১২-০১-২০২৩ ঈ.

